**ড. মোল্লা মাহমুদ হাসান**
কোর্স পরিচালক
১৩১, ১৩২, ১৩৩ এবং ১৩৪তম আইন ও প্রশাসন কোর্স এবং
পরিচালক (যুগ্ম সচিব)
বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমি
শাহবাগ, ঢাকা-১০০০
ফোন: ০২-৫৫১৬৫৯২৬
মোবাইল: ০১৭১১২৬৮৪৬৫
ই-মেইল: directorpd@bcsadminacademy.gov.bd

প্রিয় সহকর্মী,

বিসিএস প্রশাসন একাডেমিতে আগামী ০৩ মার্চ ২০২৪ হতে ৩১ জুলাই ২০২৪ তারিখ পর্যন্ত মেয়াদে ১৩১, ১৩২, ১৩৩ এবং ১৩৪তম আইন ও প্রশাসন কোর্সে প্রশিক্ষণার্থী হিসেবে মনোনীত হওয়ায় একাডেমির সম্মানিত রেক্টর (সচিব) ও কোর্স উপদেষ্টা এবং কোর্স ম্যানেজমেন্ট টিমের পক্ষ থেকে আপনাকে জানাই আন্তরিক অভিনন্দন।

০২। আমরা আশা করছি, আপনি ইতোমধ্যে অনলাইন রেজিস্ট্রেশন সম্পন্ন করেছেন। বর্তমান কর্মস্থল হতে অবমুক্ত হয়ে ০২ মার্চ ২০২৪ তারিখ বিকাল ৩.০০ টায় আপনাকে আবশ্যিকভাবে একাডেমিতে উপস্থিত থাকার অনুরোধ করছি। দীর্ঘমেয়াদি এ আবাসিক প্রশিক্ষণের পর্যাপ্ত পূর্ব-প্রস্তুতি গ্রহণের সুবিধার্থে নিম্নের নির্দেশনা অনুসরণের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করছি:

ক) প্রশিক্ষণ কোর্সটি সম্পূর্ণ আবাসিক হওয়ায় প্রত্যেক প্রশিক্ষণার্থীর জন্য প্রশিক্ষণকালে একাডেমিতে অবস্থান করা বাধ্যতামূলক।

খ) কোর্সটি দিনব্যাপী বিভিন্ন কর্মসূচি যেমন: ক্লাস, মাঠ সংযুক্তি, শিক্ষা সফর, সেমিনার, কর্মশালা, সম্প্রসারিত অধিবেশন, শরীরচর্চা ও খেলাধূলা নিয়ে সাজানো হয়েছে। সকল কর্মসূচিতে প্রশিক্ষণার্থীদের আবশ্যিকভাবে অংশগ্রহণ করতে হবে।

গ) আমরা নৈতিকতা ও নিয়মশৃঙ্খলার উপর বিশেষ গুরুত্ব আরোপ করি বিধায় প্রশিক্ষণার্থী কর্মকর্তাদের এ বিষয়ে সর্বাত্তক সহযোগিতা প্রত্যাশা করছি।

ঘ) প্রশিক্ষণকালে নারী প্রশিক্ষণার্থীদের জন্য সর্বাধিক একজন শিশুসন্তান (৯ মাস হতে ৩ বছর পর্যন্ত) নিয়ে একাডেমিতে থাকার সীমিত সুযোগ রয়েছে। এই সুযোগটি গ্রহণ করার জন্য কোর্স শুরুর পূর্বেই কোর্স ম্যানেজমেন্ট টিমকে অবহিত করতে হবে। আপনার সাথে অবস্থানকারী শিশুসন্তানের সঠিক যত্ন নেয়ার পর্যাপ্ত ব্যবস্থা আপনাকেই নিশ্চিত করতে হবে। উল্লেখ্য, একাডেমিতে শিশু দিবাযত্ন কেন্দ্র রয়েছে, যা কেবলমাত্র অফিস সময়ে খোলা থাকে। উল্লেখ্য, শিশুর যত্ন প্রদানের নিমিত্ত পর্যাপ্ত সহায়ক কর্মচারী একাডেমিতে অপ্রতুল বিধায় শিশুর সার্বক্ষণিক পরিচর্যার জন্য নিজস্ব ব্যবস্থাপনায় একাডেমিতে নিজ বরাদ্দকৃত কক্ষে একজন “কেয়ারগিভার (নারী)” সঙ্গে রাখতে পারবেন। সেক্ষেত্রে তার ২ কপি পাসপোর্ট সাইজের ছবি ও জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি কোর্স রিপোর্টিংএর সময় জমা দিতে হবে। একাডেমিতে অবস্থানকালে কেয়ারগিভারের সকল দায়দায়িত্ব সংশ্লিষ্ট কর্মকর্তাই বহন করবেন।

ঙ) একাডেমিতে যোগদানের সময় প্রশিক্ষণার্থীকে নিম্নোক্ত জিনিসপত্র সঙ্গে আনার জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে:

- কর্মস্থল থেকে ছাড়পত্র;
- সদ্য তোলা ০৫ কপি পাসপোর্ট সাইজ ফটো;
- ৭৫০০ (সাত হাজার পাঁচশত) টাকা জামানত (একাডেমিতে রিপোর্টিং এর সময় নগদ প্রদান করতে হবে, যা সফলভাবে প্রশিক্ষণ শেষে ফেরতযোগ্য);

- প্রশিক্ষণের জন্য প্রয়োজনীয় বইপত্র এবং নিজ কর্মস্থলের পরিচিতি উপস্থাপনের জন্য পর্যাপ্ত তথ্য-উপাত্ত;
- রেজিস্ট্রেশন এর সময় একাডেমিতে আনুষ্ঠানিক পোষাক পরিধান করে আসার জন্য অনুরোধ করা হলো;
- উদ্বোধনী অনুষ্ঠানসহ প্রশিক্ষণ সেশন এবং প্রাত্যহিক ব্যবহার্য পোশাক নিয়ে আসার জন্য অনুরোধ করা হলো (পোশাক বিধি সংযুক্ত);
- প্রশিক্ষণের সাথে সম্পৃক্ত বিভিন্ন উপকরণ যেমন: ল্যাপটপ, খেলাধূলার সামগ্রী, শরীরচর্চার সামগ্রী, ছবি আঁকা ও সঙ্গীত উপকরণ ইত্যাদি সঙ্গে আনতে পারবেন।

০৩। এই কোর্সের মাধ্যম হবে ইংরেজি।

০৪। প্রশিক্ষণ সংক্রান্ত যেকোনো প্রয়োজনে নিম্নোক্ত কর্মকর্তাদের সাথে যোগাযোগ করতে জন্য অনুরোধ করছি:

| **কোর্সের নাম** | **কোর্স সমন্বয়ক** | **সহকারি কোর্স সমন্বয়ক** |
|---|---|---|
| ১৩১তম আইন ও প্রশাসন কোর্স | জনাব জাকিয়া আফরিন<br>উপপরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)<br>মোবাইল: ০১৭৫০৬৯৬৫৩০ | জনাব মো: শাহিদুল আলম<br>রেক্টরের একান্ত সচিব<br>মোবাইল: ০১৭১০৪৪৬০৪৮ |
| ১৩২তম আইন ও প্রশাসন কোর্স | জনাব মোহাম্মদ নূর এ আলম বিপিএএ<br>উপপরিচালক (সেবা)<br>মোবাইল: ০১৭১৭০৯৫০৯৯ | জনাব মো: আশিক উন নবী তালুকদার<br>উপপরিচালক (ডকু: এন্ড ইভ্যা:)<br>মোবাইল: ০১৭৫১৭৭৭৪১২ |
| ১৩৩তম আইন ও প্রশাসন কোর্স | জনাব নাহিদা আক্তার<br>পরিচালক (ডকু: এন্ড ইভ্যা:)<br>মোবাইল: ০১৭২১৫৭৭৯৩০ | জনাব শুভাশিস ঘোষ<br>উপপরিচালক (গবেষণা ও প্রকাশনা)<br>মোবাইল: ০১৭১৯২৯২৬৮৮ |
| ১৩৪তম আইন ও প্রশাসন কোর্স | জনাব মোছা: নাদিরা আকতার<br>পরিচালক (গবেষনা ও প্রকাশনা)<br>মোবাইল: ০১৭১২৩৬১৬৩৬ | জনাব নুরুল হাই মোহাম্মদ আনাছ বিপিএএ<br>উপপরিচালক (প্রশিক্ষণ)<br>মোবাইল: ০১৭২২১১২৯১৫ |

০৫। আইন ও প্রশাসন কোর্স বিসিএস প্রশাসন ক্যাডারের একটি মৌলিক প্রশিক্ষণ। একজন মেধাবী নবীন কর্মকর্তা হিসেবে এ প্রশিক্ষণে আপনার সক্রিয় ও আন্তরিক অংশগ্রহণ প্রত্যাশা করছি।

**ড. মোল্লা মাহমুদ হাসান**
কোর্স পরিচালক

প্রাপক
সকল প্রশিক্ষণার্থী
১৩১, ১৩২, ১৩৩ এবং ১৩৪তম আইন ও প্রশাসন কোর্স

# জাতীয় প্রশিক্ষণ কাউন্সিলের ৮ম সভার প্রশিক্ষণকালীন আচরণ নির্দেশিকা-২০২৩

## ১৫তম অধ্যায়

## পোশাক বিধি

### ১৫.১ পোশাক সংক্রান্ত সাধারণ নির্দেশাবলী

i. পোশাক সম্পর্কে প্রশিক্ষণ প্রতিষ্ঠানের ব্যাখ্যাই চুড়ান্ত
ii. প্রত্যেক অনুষ্ঠানে প্রশিক্ষণ প্রতিষ্ঠান/কোর্স ব্যবস্থাপনা কর্তৃপক্ষ নির্ধারিত পোশাক পরিধান করতে হবে।

### ১৫.২ পোশাক বিধি

| ক্রম | অনুষ্ঠান/কার্যক্রমসমূহ | নারী প্রশিক্ষণার্থী | পুরুষ প্রশিক্ষণার্থী |
|---|---|---|---|
| ১. | শ্রেণী কক্ষ | ১। দেশি শাড়ী (সুতি/সিল্ক)<br>[রঙ: মভ, আকাশী নীল (স্কাই ব্লু), পিচ হালকা ধূসর (লাইট গ্রে];<br>২। ক্লোসড্ সুজ (রঙ: কালো, গ্রে);<br>৩। স্কিন কালারড্ লম্বা মোজা<br>৪। বিশেষ পরিস্থিতিতে স্কার্ফ ও লং কটি পরিধানের প্রয়োজন হলে তা অবশ্যই সাধারণভাবে সুপারিশতকৃত রঙের সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে। | ১। ক্লোসড্ কলার ফুল হাতা শার্ট [রঙ: সাদা, আকাশী নীল (স্কাই ব্লু), ছাই/লাইট গ্রে]<br><br>২। নির্ধারিত টাই;<br>৩। ফর্মাল ফুল প্যান্ট (জিন্স, গ্যাবাডিন/কট কাপড় প্রযোজ্য নয়)। [রঙ: কালো, অফিসিয়াল নেভি ব্লু];<br>৪। অক্সফোর্ড লেইস্ড সুজ (কালো);<br>৫। প্যান্টের রঙের সাথে সামঞ্জস্যপূর্ণ লম্বা মোজা;<br>৬। বিশেষ পরিস্থিতিতে অন্যান্য পরিচ্ছদ পরিধানের প্রয়োজন হলে তা অবশ্যই সাধারণভাবে সুপারিশকৃত রঙের সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে। |
| ২. | উদ্বোধনী ও সমাপনী অনুষ্ঠান/গেস্ট নাইট | ১। জামদানী শাড়ী [রঙ: হাল্কা ল্যাভেন্ডার, কপার ব্রাউন, সি গ্রিন];<br>২। ব্লেজার (অফিসিয়াল নেভি ব্লু);<br>৩। ক্লোসড্ সুজ (রঙ: কালো, ধূসর);<br>৪। স্কিন কালারড্ লম্বা মোজা। | ১। স্যুট (অফিসিয়াল নেভি ব্লু);<br>২। ফুল হাতা সাদা শার্ট;<br>৩। নির্ধারিত টাই;<br>৪। অক্সফোর্ড লেইসড্ সুজ (কালো);<br>৫। লম্বা মোজা (কালো)। |
| ৩. | ক্যাফেটেরিয়া/ লাইব্রেরি ওয়ার্ক/কম্পিউটার ল্যাব/ডরমিটরির বাইরে অবস্থান/অতিথির সাথে সাক্ষাত (অধিবেশন ব্যতীত/ছুটির দিন) | ১। শাড়ী/সালোয়ার-কামিজ-ওড়না;<br>২। লেদার সুজ/স্যান্ডেল। | ১। ওপেন কলার শার্ট সঙ্গে ফুল প্যান্ট (জিন্স, গ্যাবার্ডিন/কট কাপড় প্রযোজ্য নয়);<br>২। লেদার সুজ/স্যান্ডেল সু। |
| ৪। | জাতীয়/আন্তর্জাতিক অনুষ্ঠান/কার্যক্রমসমূহ | ১ নম্বর ক্রমিকে বর্ণিত পোশাকের অনুরূপ। প্রযোজ্যক্ষেত্রে সংশ্লিষ্ট কোর্স প্রশাসন নির্দেশনা প্রদান করবে। | ১ নম্বর ক্রমিকে বর্ণিত পোশাকের অনুরূপ। প্রযোজ্যক্ষেত্রে সংশ্লিষ্ট কোর্স প্রশাসন নির্দেশনা প্রদান করবে। |
| ৫. | ধর্মীয় অনুষ্ঠান/কার্যক্রমসমূহ | প্রচলিত রীতি-প্রথা অনুযায়ী পোশাক-পরিচ্ছদ। তবে, এক্ষেত্রে সংশ্লিষ্ট কোর্স প্রশাসন সকলের সাথে সমন্বয়ের লক্ষ্যে সুনির্দিষ্ট নির্দেশনা প্রদান করবে। | প্রচলিত রীতি-প্রথা অনুযায়ী পোশাক-পরিচ্ছদ। তবে, এক্ষেত্রে সংশ্লিষ্ট কোর্স প্রশাসন সকলের সাথে সমন্বয়ের লক্ষ্যে সুনির্দিষ্ট নির্দেশনা প্রদান করবে। |